গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
জরিপ শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

স্মারক নম্বর:৩১.০০.০০০০.০৩৬.১৯.০১২.১৮-৩৫

তারিখ: ২০ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
০৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

**বিষয়: সহকারী সেটেলমেন্ট অফিসার ও উপসহকারী সেটেলমেন্ট অফিসারদের পদায়ন/বদলি/মাঠ পর্যায়ে সংযুক্তির ক্ষমতা মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে প্রদান।**

সূত্র : (১) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের স্মারক নম্বর : ৩১.০৩.০০০০.০০২.১৮.০০৮.০৯-৭২৫; তারিখ: ২৮/১২/২০২০।
(২) ভূমি মন্ত্রণালয়ের জরিপ-১ শাখার স্মারক নম্বর : ৩১.০০.০০০০.০৩৬.১৯.০৮৫.১৫-৩৮৬; তারিখ: ১৬/০৮/২০১৭।
(৩) ভূমি মন্ত্রণালয়ের জরিপ-১ শাখার স্মারক নম্বর : ৩১.০৩৬.১৯.০০.০০. ০৩৭.২০১০-১০৯; তারিখ: ০২/০৩/২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং এর আওতাধীন মাঠপর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের Personnel management (বদলি/পদায়ন/মাঠ পর্যায়ে সংযুক্তি ইত্যাদি) এর ক্ষেত্রে পূর্বের সকল আদেশ বাতিল করত: Rules of Business-1996 এর 4(ix)f বিধি অনুসরণ পূর্বক নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণ সাপেক্ষে মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর সম্পাদন করবেন।

**শর্তাবলি:**

(ক) একজন সহকারী সেটেলমেন্ট অফিসার/উপসহকারী সেটেলমেন্ট অফিসার-এর প্রতি কর্মস্থলে সাধারণত: চাকরিকাল সর্বোচ্চ ৩ (তিন) বছর হবে।

(খ) সহকারী সেটেলমেন্ট অফিসার/উপসহকারী সেটেলমেন্ট অফিসারদের নিজ জেলায় বা স্পাউজের জেলায় পদায়ন করা যাবে না।

(গ) কোন সহকারী সেটেলমেন্ট অফিসার/উপসহকারী সেটেলমেন্ট অফিসারের স্পাউজ সরকারি /বেসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে বা সরকারি অনুমোদিত কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরিতে নিয়োজিত থাকলে স্বামী/স্ত্রীর চাকুরির বিষয়টি বিবেচনায় রেখে প্রযোজ্যক্ষেত্রে একই কর্মস্থলে/নিকটবর্তী কর্মস্থলে পদায়নের বিষয়টি জনস্বার্থ বিঘ্নিত না হলে বিবেচনা করা যেতে পারে।

(ঘ) সৎ, দক্ষ, যোগ্য, উদ্যমী এবং বিশেষ ক্ষেত্রে (যেমন: চিকিৎসা/ অবসর গ্রহণ সমাগত) কর্মকর্তাদের বদলির বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে।

(ঙ) উন্নয়ন প্রকল্পে কর্মরত কর্মকর্তাদের প্রকল্প চলাকালীন সময়ে প্রকল্প বাস্তবায়ন এলাকা হতে দূরবর্তী কর্মস্থলে পদায়ন পরিহার করতে হবে।

(চ) একজন সহকারী সেটেলমেন্ট অফিসার/উপসহকারী সেটেলমেন্ট অফিসারকে তার চাকুরি জীবনে একই কর্মস্থলে একাধিকবার পদায়ন করা যাবে না।

(ছ) একজন সহকারী সেটেলমেন্ট অফিসারকে একই জোনে ০২ (দুই) বারের অধিক পদায়ন করা যাবে না।

(জ) কোন সহকারী সেটেলমেন্ট অফিসার/উপসহকারী সেটেলমেন্ট অফিসার এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগের প্রাথমিক ভিত্তি থাকলে অথবা উক্ত কর্মকর্তাকে সংশ্লিষ্ট কর্মস্থলে রাখা সমীচীন হবে না প্রতীয়মান হলে উক্ত কর্মকর্তাকে কর্তৃপক্ষ যে কোন সময়ে যে কোন জোনে বদলির ক্ষমতা সংরক্ষণ করবে।

(ঝ) উপসহকারী সেটেলমেন্ট অফিসার হতে পদোন্নতি প্রাপ্ত সহকারী সেটেলমেন্ট অফিসারকে পূর্বতন কর্মস্থলে (উপসহকারী সেটেলমেন্ট অফিসার হিসেবে কর্মরত কর্মস্থলে) পদায়ন করা যাবেনা।

(ঞ) সহকারী সেটেলমেন্ট অফিসারদের নতুন পদায়নের সাথে সাথে সংযুক্তির আদেশ বাতিল বলে গণ্য হবে।

(ট) পদায়নের ক্ষেত্রে যে কোন ধরণের তদবির নিরুৎসাহিত করতে হবে। এ ক্ষেত্রে সরকারি কর্মচারী আইন-২০১৮ অনুসরণ করতে হবে ।

(ঠ) প্রত্যেক সহকারী সেটেলমেন্ট অফিসার/উপসহকারী সেটেলমেন্ট অফিসারের বদলি/পদায়ণ/সংযুক্তিসহ চাকরি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণের ক্ষেত্রে PMIS (Personal Management Information system) চালু করতে হবে এবং তা নিয়মিত হালনাগাদ করতে হবে।

(ড) প্রশাসনিক প্রয়োজনে মন্ত্রণালয় যেকোন আদেশ প্রদানের ক্ষমতা সংরক্ষণ করে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত
(এম.এম. আরিফ পাশা)
উপসচিব (জরিপ-১)
ভূমি মন্ত্রণালয়
ফোন-৯৫৪০০৪৮
survey1@minland.gov.bd

স্মারক নম্বর:৩১.০০.০০০০.০৩৬.১৯.০১২.১৮-৩৫

তারিখ: ২০ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ / ০৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

১। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
২। জোনাল সেটেলমেন্ট অফিসার .......................................(সকল)
৩। সেটেলমেন্ট অফিসার, দিয়ারা অপারেশন, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, ভূমি মন্ত্রণালয় (পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। যুগ্মসচিব (জরিপ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। অফিস কপি/মাস্টার কপি।

০৩.০২.২০২১
(এম.এম. আরিফ পাশা)
উপসচিব (জরিপ-১)

ভূমি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
২৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
(সংস্থাপন-১ শাখা)
www.dlrs.gov.bd.

মুজিব শতবর্ষ ১০০

স্মারক নং ৩১.০৩.০০০০.০০২.১৮.০০৭.০৯-১২১

তারিখ ঃ ০৬/১১/১৪২৭ বঙ্গাব্দ / ১৮/০২/২০২১ খ্রিস্টব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

১। পরিচালক (প্রশাসন)/(ভূমি রেকর্ড)/(জরিপ), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
২। উপ-পরিচালক (জরিপ)/(অর্থ ও বাজেট)/(সে.অপা.১/২), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৩। জোনাল সেটেলমেন্ট অফিসার, ঢাকা/রংপুর /দিনাজপুর/ বগুড়া/ টাংগাইল/ জামালপুর/ ময়মনসিংহ/ যশোর/ খুলনা/ বরিশাল/পটুয়াখালী/ ফরিদপুর /পাবনা/ রাজশাহী/সিলেট/কুমিল্লা/নোয়াখালী/চট্টগ্রাম ।
৪। সেটেলমেন্ট অফিসার, দিয়ারা অপারেশন, ঢাকা ।
৫। প্রেস অফিসার, সেটেলমেন্ট প্রেস, তেজগাঁও, ঢাকা-১২০৮।

(এম. আলীম আখতার খান)
উপ-পরিচালক(প্রশাসন)
ফোনঃ ৮১১৭০০৬১